umesh Ghosh

# শিক্ষাগত পরিমাপ ও মূল্যায়নে প্রশ্নগুচ্ছের ভূমিকা

## ভূমিকা (Introduction) ঃ

শিক্ষাগত পরিমাপ ও মূল্যায়নে সাধারনত যে সমস্ত তথ্যাবলী প্রয়োজন হয় বিভিন্ন কৌশলের মাধ্যমে সেগুলি সংগৃহীত হয়। এই কৌশলগুলির মধ্যে সর্বাপেক্ষা বেশি গ্রহনযোগ্য কৌশল হল মনোবৈজ্ঞানিক অভীক্ষা। তবে বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহে সবসময়ই মনোবৈজ্ঞানিক অভীক্ষা কার্যকরী হয় না। সেসব ক্ষেত্রে তথ্য সংগ্রহের অন্যান্য কৌশলগুলি ব্যবহৃত হয়। এই কৌশলগুলির মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ হিসেবে প্রশ্নগুচ্ছ, সিডিউল, মতামতগুচ্ছ, ইনভেনটারি, সাক্ষাৎকার, পর্যবেক্ষন প্রভৃতি উল্লেখ করা যায়।

## উদ্দেশ্যাবলী (Objectives) ঃ

এই আলোচনারপত্রটি যেসব উদ্দেশ্য পূরণের লক্ষ্যে নির্মিত হয়েছে, সেগুলি হল ঃ

(ক) প্রশ্নগুচ্ছ সম্পর্কে ধারনা গঠন করা।

(খ) উত্তম প্রশ্নগুচ্ছের বৈশিষ্ট্যাবলী সম্পর্কে ধারণা।

(গ) বিভিন্ন ধরনের প্রশ্নগুচ্ছ এবং তাদের সুবিধা ও অসুবিধা।

(ঘ) উত্তম প্রশ্নগুচ্ছ গঠনের বিভিন্ন কৌশল।

(ঙ) উত্তম প্রশ্নগুচ্ছ প্রস্তুতি ও প্রয়োগের ক্ষেত্রে কিছু নির্দেশ।

(চ) প্রশ্নগুচ্ছ ব্যবহারের সুবিধা ও অসুবিধা।

(ছ) শিক্ষাগত পরিমাপ ও মূল্যায়নে প্রশ্নগুচ্ছের ভূমিকা।

## প্রশ্নগুচ্ছ (Questionnaire) ঃ

প্রশ্নগুচ্ছ বলতে সাধারনত কতকগুলি উদ্দীপক সমষ্টিকে বোঝানো হয়, যেগুলিকে নির্দিষ্ট প্রতিক্রিয়ার সাপেক্ষে ব্যক্তির কোনগুন বা নির্দিস্ট কোন বিষয়বস্তু পরিমাপ করা হয় বা তথ্য সংগ্রহ করা হয়। প্রশ্নগুচ্ছ সর্বদাই উত্তরদাতাকে সমাধান করতে হয়।

প্রশ্নগুচ্ছ বলতে সাধারনত ব্যক্তির নির্দিষ্ট বিশ্বাস, অনুভূতি, অভিজ্ঞতা, ~~প্রত্যক্ষন~~ অথবা মনোভাবকে জানতে ব্যবহৃত বিভিন্ন প্রশ্নাবলীর সমবায়কেই বোঝানো হয়। তবে এই প্রশ্নগুলির বিক্ষিপ্তভাবে নির্ধারিত না করে,অত্যন্ত পরিকল্পিতভাবে, সংক্ষিপ্ত আকারে এবং উদ্দেশ্যপ্রনোদিতরূপে এমনভাবে প্রস্তুত করা হয় যাতে গবেষণা বা মূল্যায়নে সেই উদ্দেশ্য অর্জনে পরিপূর্ণভাবে কাজে লাগে। প্রশ্নগুচ্ছের আভিধানিক সংজ্ঞা হিসেবে বলা যায় -

"A Questionnaire is a written or printed form used in gathering information on some subjects consisting of a list of questions to be submitted to one or more persons."

Scanned with CamScanner

## উত্তম প্রশ্নগুচ্ছের বৈশিষ্ট্য (Characteristics of a good Questionnaire) ঃ

উত্তম প্রশ্নগুচ্ছের নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি থাকা বাঞ্ছনীয়।

(১) উত্তম প্রশ্নগুচ্ছ সর্বদায় সুনির্দিষ্ট বিষয়ভিত্তিক এবং উত্তরদাতাগনের নিকট যথার্থ হয়।

(২) প্রশ্নগুচ্ছ প্রয়োগকারী প্রশ্নগুচ্ছের সাথেই বা অপর একটি পৃথক নির্দেশনাপত্রের সেই প্রশ্নগুচ্ছের লক্ষ্য, উদ্দেশ্য এবং গুরুত্ব উল্লেখ করবেন।

(৩) উত্তম প্রশ্নগুচ্ছ সর্বদায় দৈর্ঘ্যের দিক থেকে কম দীর্ঘ হয়। কারন অতি দীর্ঘ প্রশ্নগুচ্ছ সর্বদায় ~~শুধুমাত্র~~ সময়ের অপচয় করে।

(৪) উত্তম প্রশ্নগুচ্ছের বিভিন্ন নির্দেশ ~~এবং সাদিক~~ শব্দ প্রকাশ অত্যন্ত সহজ সরল এবং প্রাঞ্জল হওয়া কাম্য।

(৫) আদর্শ প্রশ্ন বা পদ একটি মাত্র ধারনার উপর প্রতিষ্ঠিত হওয়া প্রয়োজন।

(৬) প্রশ্নগুচ্ছের প্রতিটি পদ নৈর্বক্তিক হয় এবং কোন পদেই উত্তর সংকেত থাকে না।

(৭) প্রশ্নগুচ্ছের পদগুলি কৌশলগত দিক দিয়ে সাধারন থেকে বিশেষীকৃত হিসেবে সজ্জিত করতে হয় যাতে উত্তরদাতাগনের উত্তরদানে প্রথমেই পছন্দভিত্তিক উত্তরদান করতে হয়।

(৮) উত্তম প্রশ্নগুচ্ছ সর্বদায় সুদর্শনীয় হয়।

(৯) প্রশ্নগুচ্ছে কখনই দ্ব্যার্থক প্রশ্ন রাখা উচিত নয়।

(১০) অন্য উৎস থেকে সংগ্রহ করা যাবে না শুধুমাত্র সেই তথ্যাবলী সংগ্রহের ক্ষেত্রে প্রশ্নগুচ্ছ ব্যবহার করা হয়।

## প্রশ্নগুচ্ছের শ্রেনীবিভাগ (~~Characteristics~~ Classification of Questionnaire) ঃ

প্রশ্নগুচ্ছকে সাধারনত দুইটি বিশেষ দিক থেকে শ্রেনী বিভক্ত করা যায়। এগুলি হল -

(a) Degree of structure বা গঠনের দিক দিয়ে এবং

(b) Number of response possibilities বা উত্তর সংখ্যার পরিপ্রেক্ষিতে।

### (a) Degree of structure ঃ

গঠনগত দিক থেকে প্রশ্নাবলীকে দুইভাগে ভাগ করা যায়, যেমন - (i) Structural Questionnaire and (2) Unstructured Questionnaire.

Structural Questionnaire বলতে সেই প্রশ্নগুচ্ছকে বোঝায় সেখানে উত্তরদাতাকে প্রশ্নদাতা সুনির্দিষ্ট এবং সংক্ষিপ্ত নির্দেশাবলী দেওয়ার মাধ্যমে সংগঠিত করে প্রশ্নগুচ্ছকে প্রয়োগ করেন। এখানে কোন বিষয়েই নির্দেশের বাইরে হয় না।

Unstructured Questionnaire বলতে সেই সমস্ত প্রশ্নগুচ্ছকে বোঝায় যেগুলি কোন বিষয়বস্তুর বিস্তৃত পরিধি উল্লেখ করে। এই প্রশ্নাবলীর সব থেকে বড় সুবিধা এই যে এগুলি প্রকৃতিতে নমনীয় হয়। তবে এই প্রশ্নের সাপেক্ষে প্রাপ্ত প্রতিক্রিয়ার মূল্যায়ন খুব জটিল এবং এই কাজে বিশেষজ্ঞ ব্যক্তির প্রয়োজন হয়।

Scanned with CamScanner

**(b) Number of Response Possibilities ঃ**

উত্তরের সম্ভাব্য সংখ্যা বা উত্তরের প্রকৃতির উপর নির্ভর করে প্রশ্নগুচ্ছকে দুইভাগে ভাগ করা যায়। যেমন -

(1) Fixed Response Questionnaire or Closed or Restricted form of Questionnaire and (2) Open ended or Unrestricted Questionnaire.

**(১) বদ্ধপ্রকৃতির প্রশ্নগুচ্ছ (Fixed Closed Questionnaire) ঃ**

এই প্রশ্নগুচ্ছের নাম থেকেই বোঝা যায় যে এখানে নির্দিষ্ট প্রশ্নের জন্য সুনির্দিষ্টভাবে দুই বা ততোধিক উত্তর বলে দেওয়া থাকে, সেই উত্তরের বাইরে কোন উত্তর হয় না। উদাহরন হিসেবে উল্লেখ করা যায় ঃ

Questionnaire - এর কোনটি উত্তম রূপ -

(a) Fixed Question বা বদ্ধ প্রকৃতির প্রশ্ন।

(b) Open-ended Question বা মুক্ত প্রকৃতির প্রশ্ন।

(c) None of this বা কোনটিই নয়।

বদ্ধ প্রকৃতির প্রশ্নাবলী নির্বাচনে সবসময় ধরে নেওয়া হয় যে উত্তরদাতাদের বা নমুনার সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত জ্ঞান রয়েছে। আবার গবেষক বা মূল্যায়নকারীও নমুনা সম্পর্কে যথেষ্ট জ্ঞান রয়েছে বলেও ধরে নেওয়া হয়।

**বদ্ধপ্রকৃতির প্রশ্নগুচ্ছের সুবিধা (Advantages of Fixed Response Questionnaire) ঃ**

বদ্ধ প্রকৃতির প্রশ্নগুচ্ছের নিম্নলিখিত সুবিধাগুলি রয়েছে -

(ক) এই জাতীয় পদের নম্বর দান এবং শ্রেণীবিন্যাস সহজ হয় (Score and Code)।

(খ) এই জাতীয় পদকে পরিসংখ্যানগত বিশ্লেষন সহজেই করা যায়।

(গ) এই জাতীয় পদের প্রতিক্রিয়া করতে গিয়ে উত্তরদাতাদের বিশেষ কিছু লিখতে হয় না। শুধুমাত্র পছন্দের ভিত্তিতে তারা উত্তরদান করেন বলে এটি স্বল্প শ্রমসাপেক্ষ।

(ঘ) এই জাতীয় পদ সম্পুর্ণীকরণে অত্যন্ত কম সময় লাগে। তাই অনেক সময় অনেক বেশি তথ্য সংগ্রহে এই জাতীয় পদ ব্যবহার হয়।

(ঙ) অনেক সময় প্রয়োজনের তাগিদে এই জাতীয় প্রশ্নগুচ্ছকে ডাক মাধ্যমে ব্যবহার করা যায়।

**বদ্ধপ্রকৃতির প্রশ্নাবলীর অসুবিধা (Advantages of Fixed Response Questionnaire) ঃ**

বদ্ধ প্রকৃতির প্রশ্নগুচ্ছের সবচেয়ে বড় সমস্যা হল ঃ

(ক) এখানে একটি পদের সাপেক্ষে সম্ভাব্য সমস্ত বিকল্প উত্তর দেওয়া সম্ভব হয় না। ফলে অনেক সময় উত্তরদাতা বাধ্য হয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্য থেকে উত্তর দেন বা উত্তর দেন না।

(খ) এই জাতীয় পদের উত্তরকরণে অনেক সময় উত্তরদাতার পক্ষপাতিত্ব ঘটে বা তিনি একটি নির্দিষ্ট সাংখ্যমানের উত্তরকে সমস্ত প্রশ্নের ক্ষেত্রে প্রয়োজন মনে করেন।



Scanned with CamScanner

(২) মুক্ত প্রকৃতির প্রশ্নগুচ্ছ (Open-ended questionnaire) ঃ

মুক্ত প্রকৃতির প্রশ্নগুচ্ছ উত্তরদাতার জন্য সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন বা কয়েকটি বাক্যে উত্তর দেওয়ার মত পদ রাখা হয় অর্থাৎ বদ্ধ প্রভৃতির প্রশ্নের তুলনায় মুক্ত প্রকৃতির প্রশ্নের উত্তর দীর্ঘ হয়। উদাহরন হিসেবে বলা যায় ঃ

বিদ্যালয়ে ছাত্র-বিশৃঙ্খলার কারণ কি ?

মুক্ত প্রকৃতির প্রশ্নগুচ্ছের সুবিধা (Advantages of open-ended Questionnaire) ঃ

বদ্ধ প্রকৃতির প্রশ্নের যেমন অনেক সুবিধা ছিল তেমনিই মুক্ত প্রকৃতির প্রশ্নেরও বেশকিছু সুবিধা রয়েছে, যেমন -

(ক) মূল্যায়নকারী যখন সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে তথ্যবহুল থাকেন না বা অজ্ঞাত থাকেন তখন মুক্ত প্রকৃতির প্রশ্নাবলী তাকে সর্বাধিক সাহায্য করে।

(খ) মুক্ত প্রকৃতির প্রশ্ন সর্বদাই নমনীয়তার সুযোগ সৃষ্টি করে । ফলে মূল্যায়নকারী অন্তরদৃষ্টিমূলক সিদ্ধান্ত গ্রহনে সক্ষম হন।

মুক্তপ্রকৃতির প্রশ্নগুচ্ছের অসুবিধা (Dis-advantages of Open-ended Questionnaire) ঃ

(ক) মুক্ত প্রকৃতির প্রশ্নে পক্ষপাতিত্বের সম্ভাবনা অনেক বেশি। অনেক উত্তরদাতা কৌশলগতভাবে নিজের মতামতকে প্রকাশ করেন, আবার অনেকে মতামত প্রকাশে অত্যন্ত দুর্বলতার পরিচয় দেন। এইসব ক্ষেত্রে সঠিক সিদ্ধান্তকরণ অত্যন্ত জটিল হয়ে পড়ে।

(খ) বিভিন্ন অসামাজিক বৈশিষ্ট্যের পরিপ্রেক্ষিতে নমুনাভুক্ত বিভিন্ন ব্যক্তির একই প্রশ্নকে বিভিন্ন দৃষ্টিভঙ্গিতে উপস্থাপন করেন।

(গ) এই জাতীয় প্রশ্ন সম্পূর্ণ করতে বদ্ধ প্রকৃতির প্রশ্নের তুলনায় অনেক বেশি সময় এবং শ্রমের প্রয়োজন হওয়ায় অনেকেই উত্তর দিতে চান না।

(ঘ) ডাক মাধ্যমে এই জাতীয় প্রশ্নকে প্রেরণ করলে উত্তরদানের পর সমস্ত প্রশ্নগুচ্ছের ফিরে আসা বা প্রাপ্তির সম্ভাবনা খুবই কম।

(ঙ) এই জাতীয় প্রশ্নের বিশ্লেষন ও মূল্যায়ন অত্যন্ত জটিল এবং অনেক সময় নৈব্যক্তিক হয়।

বিশেষ বিশেষ ক্ষেত্রে মুক্ত এবং বদ্ধ উভয় প্রকৃতির প্রশ্নের সংমিশ্রনে প্রশ্নগুচ্ছ তৈরী করা হয়।

উপরোক্ত শ্রেনীবিভাগ ছাড়াও আরও কয়েক ধরনের প্রশ্নগুচ্ছ পাওয়া যায়, যেমন -

মেইল প্রশ্নগুচ্ছ (Mail Questionnaire) ঃ

প্রশ্নগুচ্ছকে যখন ডাক বিভাগের মাধ্যমে বা Internate অথবা অন্য কোন উপায়ে পাঠানো এবং গ্রহন করা হয় তখন তাকে Mail Questionnaire বলা হয়। একটি পরিসংখ্যানে দেখা গেছে প্রায় ৭০% Mail Questionnaire ফিরে আসে না।

Scanned with CamScanner

উত্তম প্রশ্নগুচ্ছ প্রস্তুতি ও প্রয়োগের ক্ষেত্রে কিছু নির্দেশ (Guides for preparing and administrating the Questionnaire) ঃ

(১) প্রশ্নগুচ্ছ প্রস্তুতিতে ও পরিকল্পনার ক্ষেত্রে সম্ভাব্য সমস্ত সাহায্য গ্রহন করতে হবে। প্রয়োজনে প্রশ্নগুচ্ছটিকে বিদ্যালয়ের বিভিন্ন সদস্যের নিকট সমালোচনার উদ্দেশ্যে দিতে হবে।

(২) ঘনিষ্ট বন্ধু বা সহযোগীদের উপর প্রশ্নগুচ্ছটিকে প্রাথমিকভাবে প্রয়োগের মাধ্যমে অস্পষ্ট এবং জটিল শব্দগুলিকে সনাক্ত করতে হবে।

(৩) উত্তরদাতাকে নির্বাচনে যথেষ্ট সচেতন থাকতে হবে। একমাত্র সেই সমস্ত ব্যক্তিকেই উত্তরদাতা হিসেবে নির্বাচিত করতে হবে, যারা নির্দিষ্ট প্রশ্নগুচ্ছের তথ্যাবলী জানে এবং নৈর্ব্যক্তিকভাবে উত্তর দিতে আগ্রহী।

(৪) যে প্রতিষ্ঠানে প্রশ্নগুচ্ছ প্রয়োগ করা হবে সেই প্রতিষ্ঠানের কর্মাধ্যক্ষের অনুমোদন লাভ করতে হবে।

(৫) প্রশ্নগুচ্ছ কর্তৃক সংগ্রহীকৃত তথ্যাবলীকে কঠোরভাবে গোপন রাখার প্রতিশ্রুতি প্রদান করতে হবে এবং তা পালন করতে হবে।

(৬) বেশির ভাগ উত্তরদাতাই সম্পূর্ণকৃত প্রশ্নগুচ্ছ উত্তর দিতে দেরী করে। তাই প্রশ্নগুচ্ছ প্রদানের পর তাদের মনে করিয়ে দেওয়ার জন্য ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

(৭) প্রশ্নগুচ্ছের পদগুলিকে ভাষাগত দিক থেকে সহজ সরল করতে হবে।

(৮) প্রশ্নগুচ্ছের পদগুলিতে অস্পষ্ট শব্দ না রাখাই কাম্য।



Scanned with CamScanner

## প্রশ্নগুচ্ছ ব্যবহারের সুবিধা (Advantages of Questionnaire) ঃ

(ক) তথ্য সংগ্রহের অন্যান্য পদ্ধতিগুলির তুলনায় প্রশ্নগুচ্ছ ব্যবহার সময় ও অর্থের দিক থেকে সাশ্রয়ী।

(খ) প্রত্যেক উত্তরদাতা একই প্রশ্নগুচ্ছের উত্তর প্রদান করে বলে সাক্ষাতকার পদ্ধতির তুলনায় অধিক নির্ভরযোগ্য তথ্য এই পদ্ধতিতে পাওয়া যায়।

(গ) সু-পরিকল্পিতভাবে প্রশ্নগুচ্ছ নির্মান এবং সঠিকভাবে উত্তর প্রদানকে নিয়ন্ত্রিত করতে পারলে প্রশ্নগুচ্ছটি আদর্শায়িত হয়।

## প্রশ্নগুচ্ছ ব্যবহারের অসুবিধা (Disadvantages of Questionnaire) ঃ

(ক) প্রশ্নগুচ্ছ পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহের ক্ষেত্রে উত্তরদাতাদের প্রেষণা পরিমাপ খুব জটিল, যা উত্তরের যথার্থতা কমায়।

(খ) প্রয়োগকৃত সম্পূর্ণ প্রশ্নগুচ্ছ ফেরত না পাওয়া গেলে পরিমাপের নির্ভরযোগ্যতা কমে।

(গ) প্রশ্নগুচ্ছ ফেরত পাওয়ার সম্ভাবনা খুবই কম থাকে, এর কারণ হল -

(১) প্রশ্নগুচ্ছের দীর্ঘসূত্রতা।

(২) প্রয়োগকারী ব্যক্তি বা সংস্থার খ্যাতি।

(৩) নির্বাচিত প্রশ্নের জটিলতা।

(৪) উত্তর দাতার মতামতের গুরুত্বহীনতা।

(৫) প্রশ্নগুচ্ছের গুনাবলী এবং গঠন কাঠামো।

## শিক্ষাগতপরিমাপ ও মূল্যায়নেপ্রশ্নগুচ্ছের ভূমিকা (Role of Questionnaire in Education Evaluation and Measurement) ঃ

শিক্ষাগত মূল্যায়ন বা পরিমাপের ক্ষেত্রে যে সিদ্ধান্তগুলি গ্রহন করা হয় সেগুলি মূলতঃ তথ্য নির্ভর। তাই মূল্যায়নের উদ্দেশ্য তথ্য সংগ্রহের বা পরিমাপ যন্ত্র হিসেবে প্রশ্নগুচ্ছের ভূমিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ। আবার প্রশ্নগুচ্ছের দ্বারা ব্যক্তির বিভিন্ন গুনাবলী, যেমন - মনোভাব, ব্যক্তিত্বের সংলক্ষন, মতামত, অভ্যাস প্রভৃতি পরিমাপ করা হয়। এই পরিমাপ লব্ধ তথ্যাবলী শিক্ষাগত মুল্যায়নের ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ।

## উপসংহার (Conclusion) ঃ

শিক্ষাগত মূল্যায়ন বা পরিমাপের ক্ষেত্রে প্রশ্নগুচ্ছের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রশ্নগুচ্ছের মাধ্যমে ব্যক্তির নির্দিষ্ট বিশ্বাস অনুভূতি, অভিজ্ঞতা, প্রত্যাশা ও মনোভাবকে জানতে সাহায্য করে। এছাড়া প্রশ্নগুচ্ছকে এমনভাবে তৈরী করা হয় যাতে গবেষণা বা মুল্যায়নে উদ্দেশ্য অর্জনে পরিপূর্ণভাবে ব্যবহৃত হয়। বিভিন্ন ধরনের প্রশ্নের মধ্যে কোন প্রশ্নগুলি প্রশ্নগুচ্ছে রাখলে গবেষণা বা মূল্যায়নের ক্ষেত্রে সুবিধাজনক তা প্রশ্নগুচ্ছের মাধ্যমে জানা যায়।



Scanned with CamScanner